RBI/2017-18/175
DCBR.BPD (PCB).Cir.No.07/09.09.002/2017-18

মে 10, 2018

মুখ্য কার্যনির্বাহী আধিকারিক
সকল প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক
মাননীয় মহাশয়/ মহাশয়া

**প্রাথমিক (শহরাঞ্চলিক) সমবায় ব্যাঙ্ক (ইউসিবি)-র জন্য অগ্রাধিকার ক্ষেত্রে ঋণ সংক্রান্ত পুনঃস্থিরিকৃত নির্দেশিকা**

অনুগ্রহ করে উপরোক্ত বিষয় এবং সময়ে সময়ে প্রযুক্ত তৎসম্বন্ধীয় সংশোধন সমূহের উপর আমাদের **অক্টোবর** 8, 2013 **তারিখাঙ্কিত সারকুলার** UBD.CO.BPD.(PCB).MC.No.18/09.09.001/2013-14 দেখুন, যা **জুলাই** 1, 2015 **তারিখাঙ্কিত মাস্টার সারকুলার** DCBR.BPD.(PCB).MC.No:**11/09.09.001/2015-16** –তে সংহত করা হয়েছে। উপস্থিত নির্দেশিকাগুলির উপর সমীক্ষা করা হয়েছে এবং (**সংযোজক-I অনুসারে**) উপরোক্ত মাস্টার সারকুলার-স্থিত নির্দেশিকাগুলির স্থানে পুনঃস্থিরিকৃত নির্দেশিকা জারি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

2. পুনঃস্থিরিকৃত নির্দেশিকার উল্লেখযোগ্য বৈশিষ্টগুলি নিম্নরূপ:

i. সমষ্টিগতভাবে অগ্রাধিকার ক্ষেত্র ও দুর্বল শ্রেণীর প্রতি ঋণ লক্ষ্যমাত্রা রাশিসমন্বিত নিট ব্যাঙ্ক ঋণ (এএনবিসি) অথবা অফ ব্যালান্স শিট-গত উন্মোচিত রাশির ঋণ সমতূলের মধ্যে যেটি অদ্যবধি অধিক সেটির যথাক্রমে 40 শতাংশ ও 10 শতাংশ হিসাবেই অব্যাহত থাকবে।
ii. কৃষিক্ষেত্র: প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষ কৃষিকার্যের মধ্যে তফাত রাখা হবেনা।
iii. খাদ্য ও কৃষি প্রক্রিয়াকরণ ইউনিটের ক্ষেত্রের প্রতি ব্যাঙ্ক ঋণ কৃষিক্ষেত্রের অংশ হিসাবে পরিগণিত হবে।
iv. মাঝারি উদ্যোগ, সামাজিক পরিকাঠামো এবং পুনর্ব্যবহারযোগ্য শক্তি অগ্রাধিকার ক্ষেত্রের অংশ হিসাবে পরিগণিত হবে।
v. এএনবিসি অথবা অফ ব্যালান্স শিট-গত উন্মোচিত রাশির ঋণ সমতূলের মধ্যে যেটি অধিক তার থেকে 7.5 শতাংশ লক্ষ্যমাত্রা হিসাবে অতি-ক্ষুদ্র উদ্যোগের জন্য নির্ধারিত করা হয়েছে।
vi. শিক্ষা: ভারত এবং বিদেশে শিক্ষার জন্য ঋণের পার্থক্য দূর করা হয়েছে।
vii. অতি-ক্ষুদ্র ঋণ অগ্রাধিকার ক্ষেত্রের অধীনে পৃথক বিভাগ হিসাবে রইল না।.
viii. অগ্রাধিকার ক্ষেত্রের অধীনে যোগ্যতাপ্রাপ্ত গৃহঋণের ঋণসীমা পুনঃস্থিরিকৃত হল।
ix. ত্রৈমাসিক ও বাৎসরিক বিবৃতি-র মাধ্যমে অগ্রাধিকার ক্ষেত্রের নির্ণয়-কার্য পর্যবেক্ষণ করা হবে।

3. পুনঃস্থিরিকৃত নির্দেশিকা কার্যকর হবে এই সারকুলারটি বলবৎ হওয়ার তারিখ থেকে। এই সারকুলারটির তারিখের আগে জারি হওয়া নির্দেশিকার অধীনে অনুমোদনপ্রাপ্ত অগ্রাধিকার ক্ষেত্রের ঋণ মেয়াদপূর্তী/ নবীকরণ পর্যন্ত অব্যাহতভাবে অগ্রাধিকার ক্ষেত্রের অধীনে শ্রেণীভুক্ত থাকবে।

**4. অগ্রাধিকার ক্ষেত্রের লক্ষ্য অর্জন**

বিবিধ উদ্দেশ্যে বিধিবদ্ধ অগ্রগমন-সংকেত/ সম্মতি মঞ্জুর করার সময় অগ্রাধিকার ক্ষেত্রের লক্ষ্য অর্জনের হিসেব বিবেচনায় নেওয়া হবে। এপ্রিল 1, 2018 থেকে কার্যকরীরূপে, ইউসিবি-কে আর্থিকভাবে বলিষ্ঠ এবং সুপরিচালিত (এফএসডব্লুএম) হিসাবে প্রকারগত হবার জন্য হবার যথাক্রমে অক্টোবর 13, 2014 এবং জানুয়ারি 28, 2015 তারিখাঙ্কিত আমাদের **সারকুলার** UBD.CO.LS.(PCB).Cir.No.20/07.01.000/2014-15 এবং DCBR.CO.LS.(PCB).Cir.No.4/07.01.000/2014-15 -তে নির্দিষ্ট করা মাপকাঠি-র পাশাপাশি অগ্রাধিকার ক্ষেত্রের লক্ষ অর্জনকে একটি মাপকাঠি হিসাবে অন্তর্ভুক্ত করা হবে৷ 2018-19 অর্থবর্ষের জন্য, অগ্রাধিকার ক্ষেত্রের লক্ষ্য/ অংশ-লক্ষ্য অর্জনের ঘাটতি মার্চ 31, 2018–এর অবস্থানের ভিত্তিতে নির্ণয় করা হবে৷ 2019-20 অর্থবর্ষ থেকে, তৎপরবর্তীকালে, অর্থবর্ষের শেষে লক্ষ্যঅর্জনের পরিমাননির্ণয়ে পৌঁছনো হবে প্রতি ত্রৈমাসিকের শেষে অগ্রাধিকার ক্ষেত্রে লক্ষ্য/ অংশ-লক্ষ্য অর্জনের গড়মানের উপর ভিত্তি করে৷ দৃষ্টান্তস্বরূপ উদাহরণ **সংলগ্নক-II** -তে প্রদত্ত আছে৷

আপনার বিশ্বস্ত,

(নীরজ নিগম)
মুখ্য মহা প্রবন্ধক

সংযোজক: সংলগ্নক I ও II.

**সংলগ্নক-I**

## অগ্রাধিকার ক্ষেত্রে ঋণপ্রদান– লক্ষ ও প্রকারভেদ

### I. অগ্রাধিকার ক্ষেত্রের অধীনস্থ বিভাগসমূহ

i. কৃষি
ii. অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগ
iii. রপ্তানি ঋণ
iv. শিক্ষা
v. গৃহনির্মাণ
vi. সামাজিক পরিকাঠামো
vii. পুনর্ব্যবহারযোগ্য শক্তি
viii. অন্যান্য

উপরোক্ত বিভাগগুলির অধীন হবার উপযুক্ত কর্মকান্ডসমূহের বিশদ অনুচ্ছেদ III –এ নির্দিষ্ট করা আছে।.

### II. অগ্রাধিকার ক্ষেত্রের জন্য লক্ষ্য/ অংশ-লক্ষ্য

(i) ইউসিবি-র জন্য, অগ্রাধিকার ক্ষেত্রের ঋণপ্রদানের অধীনে স্থিরিকৃত লক্ষ্য এবং অংশ-লক্ষ্য নিম্নে প্রদত্ত হল। অগ্রাধিকার ক্ষেত্রের ঋণ সম্পর্কিত বিধিনিয়ম বেতন উপার্জনকারীগণের ব্যাঙ্কের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

| | |
|---|---|
| **মোট অগ্রাধিকার ক্ষেত্র** | রাশিসমন্বিত নিট ব্যাঙ্ক ঋণ [ নিম্নস্থ উপ-অনুচ্ছেদ (ii)–তে এএনবিসি সংজ্ঞায়িত] অথবা অফ ব্যালান্স শীট-গত উন্মোচিত রাশির ঋণ সমতুলের মধ্যে যেটি অধিক, তার 40 শতাংশ। |
| **মোট কৃষিক্ষেত্র** | কোনও লক্ষ্যমাত্রা ধার্য নেই. |
| **অতিক্ষুদ্র উদ্যোগ** | এএনবিসি অথবা অফ ব্যালান্স শীট-গত উন্মোচিত রাশির ঋণ সমতুলের মধ্যে যেটি অধিক, তার 7.5 শতাংশ |
| **দুর্বল অংশের প্রতি অগ্রিম** | এএনবিসি অথবা অফ ব্যালান্স শীট-গত উন্মোচিত রাশির ঋণ সমতুলের মধ্যে যেটি অধিক, তার 10 শতাংশ |

(ii) অগ্রাধিকার ক্ষেত্রের লক্ষ্য এবং অংশ লক্ষ্যমাত্রা অর্জন নির্ণয়ের ভিত্তি হবে আগের বছরের মার্চ 31-এর এএনবিসি এবং অফ ব্যালান্স শীট-গত রাশি উন্মোচনের ঋণ সমতুলের মধ্যে যেটি অধিক সেই রাশিটি। অগ্রাধিকার ক্ষেত্রে ঋণপ্রদানের উদ্দেশ্যে এএনবিসি চিহ্নিত করে, মোট ঋণ এবং অগ্রিম, বিযুক্ত আরবিআই এবং অন্যান্য মঞ্জুরিকৃত আর্থিক প্রতিষ্ঠানের সাথে রি-ডিসকাউন্ট করা বিল, যুক্ত মেয়াদপূর্তী পর্যন্ত ধারণ করা (এইচটিএম) শ্রেণীভুক্ত অনুমোদিত নন-এসএলআর বন্ডে অগস্ট 30, 2007–র পরে করা লগ্নিরাশি। অফ ব্যালান্স শীট রাশি উন্মোচনের ঋণ সমতুল হিসেবের উদ্দেশ্যে, ব্যাঙ্ক বর্তমান রাশি উন্মোচন পদ্ধতি ব্যবহার করবে। আন্তঃ-ব্যাঙ্ক অফ ব্যালান্স শীট-গত রাশি-উন্মোচন সহ আন্তঃ-ব্যাঙ্ক রাশি-উন্মোচন অগ্রাধিকার ক্ষেত্রের ঋণপ্রদানের লক্ষ্য/ অংশ-লক্ষ্যের বিচারে হিসাবে ধর্তব্য হবে না।

(iii) ব্যাঙ্কগুলি প্রভিশন, সঞ্চিত সুদ ইত্যাদি বাবদ রাশিগুলি এএনবিসি থেকে বাদ দেবে না/ বিয়োগ করবে না।

(iv) ভারতে প্রদত্ত বর্ধনশীল এফসিএনআর(বি)/ এনআরই অ্যাকাউন্টের সাপেক্ষে প্রদত্ত অগ্রিম, যেগুলি রিজার্ভ ব্যাঙ্কের সারকুলার **অগস্ট** 27, 2013 **তারিখাঙ্কিত** UBD.BPD.(PCB).CIR.No.5/13.01.000/2013-14 তৎসহ পঠিত **জুন** 11, 2014 **তারিখাঙ্কিত** UBD.BPD.(PCB).Cir.No.72/13.01.000/2013-14 -অনুসারে সিআরআর/ এসএলআর সংক্রান্ত প্রয়োজনীয়তা অনুপালন থেকে ছাড় পাওয়ার যোগ্য, অগ্রাধিকার ক্ষেত্রে ঋণ লক্ষ্য নির্ণয়ের সময় সেগুলিকে তাদের মূল্যপরিশোধ পর্যন্ত এএনবিসি-র বাইরে ধরতে হবে৷

## III. অগ্রাধিকার ক্ষেত্রের অধীনে যোগ্য শ্রেণীগুলির ব্যাখ্যা

### 1. কৃষি

প্রত্যক্ষ্য এবং অপ্রত্যক্ষ্য কৃষিকাজের মধ্যে বর্তমানে উপস্থিত বিভেদ তুলে দেওয়া হল৷ পরিবর্তে, কৃষিক্ষেত্রে ঋণপ্রদান পুনঃ-সংজ্ঞায়িত করে অন্তর্ভুক্ত করা হল (i) খামার ঋণ ( যার মধ্যে অন্তর্ভুক্ত হবে স্বল্প মেয়াদী শস্য ঋণ এবং কৃষকদের প্রতি মধ্যম/ দীর্ঘমেয়াদী ঋণ) (ii) কৃষি পরিকাঠামো এবং (iii) সংশ্লিষ্ট কার্যকলাপ৷ উক্ত তিনটি উপশ্রেণীর অধীনে যোগ্য কার্যকলাপের তালিকা নিম্নে চিহ্নিত করা হল:

| | | | | |
|---|---|---|---|---|
| 1.1 | খামার ঋণ | A. | | একক ব্যক্তি হিসাবে কৃষকদের প্রতি ঋণ [ যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে স্বনির্ভর গোষ্ঠী(এসএইচজি) অথবা সম্মিলিতভাবে দায়বদ্ধ গোষ্ঠী(জেএলজি) অর্থাৎ একক ব্যক্তি হিসাবে কৃষকদের নিয়ে গঠিত গোষ্ঠী, শর্ত এই যে ব্যাঙ্ক এইসকল ধারের ব্যাপারে অসমাবিষ্ট ডেটা রক্ষণাবেক্ষণ করে], যাঁরা প্রত্যক্ষ্যভাবে কৃষি এবং সম্বন্ধীয় কার্যকলাপে রত থাকবে যথা দুগ্ধ সম্বন্ধীয়, মৎসচাষ, প্রাণী প্রতিপালন, হাসমুরগী পালন, মৌমাছি প্রতিপালন এবং রেশমচাষ৷ এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে: |
| | | | (i) | কৃষকদের প্রতি শস্য ঋণ, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে প্রচলিত/ অ-প্রচলিত উদ্ভিদ-রোপন ও ফুলচাষ, এবং, সংশ্লিষ্ট কার্যকলাপের জন্য ঋণ৷ |
| | | | (ii) | কৃষি-সংক্রান্ত ও সংশ্লিষ্ট কার্যকলাপের জন্য (যথা কৃষি সম্বন্ধীয় রূপায়ন এবং যন্ত্রপাতি ক্রয়, খামারে কৃত সেচ এবং অন্যান্য বিষয়ে গৃহিত উন্নয়নকার্যের জন্য ঋণ, সংশ্লিষ্ট কার্যকলাপের জন্য উন্নয়ন বিষয়ক ঋণ) কৃষকদের প্রতি মধ্যম এবং দীর্ঘমেয়াদী ঋণ |
| | | | (iii) | ফলন পূর্ব এবং পরবর্তী কার্যকলাপ যথা সিঞ্চন, আগাছা নির্মূল, ফলন, বাছাই, গুণমান নির্ধারণ, এবং তাঁদের নিজেদের খামারে উৎপাদিত ফসলের পরিবহনের উদ্দেশ্যে কৃষকদের প্রতি ঋণ৷ |
| | | | (iv) | কৃষিজ উৎপাদনের (গুদাম রশিদ অন্তর্ভুক্ত) জামিন/ বন্ধকের সাপেক্ষে কৃষকদের প্রতি অনধিক 12 মাস মেয়াদবিশিষ্ট ₹ 50 লক্ষ পর্যন্ত ঋণ [i] |
| | | | (v) | অ-প্রাতিষ্ঠানিক ঋণপ্রদানকারীদের কাছে ঋণগ্রস্থ বিপন্ন কৃষকদের প্রতি ঋণ |
| | | | (vi) | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের প্রতি কৃষি-উদ্দেশ্যে জমি ক্রয়ের জন্য ঋণ. |
| | | B. | | এঁদের প্রতি ঋণ- করপোরেট কৃষক, কৃষকদের জন্য উৎপাদন সংস্থা/ ব্যক্তি হিসাবে কৃষকদের কোম্পানি, অংশিদারী সংস্থা যেগুলি প্রত্যক্ষভাবে কৃষি এবং সংশ্লিষ্ট কার্যকলাপের সঙ্গে জড়িত যথা দুগ্ধ সম্বন্ধীয়, মৎসচাষ, প্রাণী প্রতিপালন, হাসমুরগী পালন, মৌমাছি প্রতিপালন এবং রেশমচাষ যেগুলির সংযোজিত রাশির সীমা ঋণগ্রহীতা প্রতি ₹ 2 কোটি৷ এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে: |
| | | | (i) | কৃষকদের প্রতি শস্য ঋণ, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে প্রচলিত/ অ-প্রচলিত উদ্ভিদ-রোপন ও ফুলচাষ, এবং, সংশ্লিষ্ট কার্যকলাপের জন্য ঋণ৷ |
| | | | (ii) | কৃষি ও সংশ্লিষ্ট কার্যকলাপের জন্য (যথা কৃষি সম্বন্ধীয় রূপায়ন এবং যন্ত্রপাতি ক্রয়, খামারে কৃত সেচ এবং অন্যান্য বিষয়ে গৃহিত উন্নয়নকার্যের জন্য ঋণ, সংশ্লিষ্ট কার্যকলাপের জন্য উন্নয়ন বিষয়ক ঋণ) কৃষকদের প্রতি মধ্যম এবং দীর্ঘমেয়াদী ঋণ৷ |
| | | | (iii) | ফলন পূর্ব এবং পরবর্তী কার্যকলাপ যথা সিঞ্চন, আগাছা নির্মূল, ফলন, বাছাই, গুণমান নির্ধারণ, এবং তাঁদের নিজেদের খামারে উৎপাদিত ফসলের পরিবহনের উদ্দেশ্যে কৃষকদের প্রতি ঋণ৷ |
| | | | (iv) | কৃষিজ উৎপাদনের (গুদাম রশিদ অন্তর্ভুক্ত) জামিন/ বন্ধকের সাপেক্ষে অনধিক 12 মাস |

| | | | |
|---|---|---|---|
| | | | মেয়াদবিশিষ্ট ₹ 50 লক্ষ পর্যন্ত ঋণ। |
| 1.2 | কৃষি পরিকাঠামো | | ভান্ডার সুবিধা গড়ে তোলার জন্য ঋণ (গুদামবাড়ি, বাজার উদ্যান, গুদাম এবং সাইলো) যার মধ্যে অন্তর্ভুক্ত আছে হিমঘর কক্ষ/ হিমঘর শৃঙ্খল যেগুলি কৃষিজ উৎপাদন/ উৎপাদিত দ্রব্যাদি তাদের অবস্থান নির্বিশেষে ভান্ডারস্থ করার জন্য প্রকল্পিত। |
| | | (ii) | মৃত্তিকা সংরক্ষণ এবং জল সরবরাহ বন্দোবস্ত গড়ে তোলা। |
| | | (iii) | উদ্ভিদ-কলা সম্পর্কিত গবেষণা এবং কৃষি-জৈবপ্রযুক্তি, বীজ উৎপাদন, জৈব কীটনাশক উৎপাদন, জৈবসার, এবং কেঁচোসার . |
| | | | উপরোক্ত ঋণগুলির জন্য. ঋণগ্রহীতা প্রতি সংযোজিত অনুমোদন সীমা ₹ 100 কোটি পর্যন্ত প্রযোজ্য হবে। |
| 1.3 | সংশ্লিষ্ট কার্যকলাপ | | কৃষি-স্বাস্থ্যকেন্দ্র এবং কৃষি-বাণিজ্যকেন্দ্র গড়ে তোলার জন্য ঋণ. |
| | | (ii) | খাদ্য এবং কৃষি প্রক্রিয়াকরণ বাবদ ব্যাঙ্কিং ব্যবস্থা থেকে ঋণগ্রহীতা প্রতি ₹ 100 –কোটির সংযোজিত অনুমোদিত সীমা পর্যন্ত ঋণ |
| | | (iii) | একক ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা দ্বারা পরিচালিত প্রয়োজন ভিত্তিতে আয়োজিত পরিষেবা কেন্দ্র যেগুলি ট্রাক্টর, বুলডোজার, কূপ বৃত্তখনন যন্ত্রাদি, থ্রেশার, কম্বাইন যন্ত্র প্রভৃতি নিয়ে বাহিনী প্রস্তুত রাখে এবং চুক্তির ভিত্তিতে কৃষকদের জন্য খামার সংক্রান্ত কার্যভার গ্রহণ করে তাঁদের প্রতি ঋণ |

**উল্লেখ্য:**

ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের মধ্যে এঁরা অন্তর্ভুক্ত হবেন:

- 1 হেক্টর পর্যন্ত ভূমিধারক কৃষকগণ যাঁরা প্রান্তিক কৃষক হিসাবে বিবেচিত হন, 1 হেক্টর থেকে বেশী এবং 2 হেক্টর পর্যন্ত ভূমিধারক কৃষকগণ যাঁরা ক্ষুদ্র কৃষক হিসাবে বিবেচিত হন।
- ভূমিহীন কৃষিশ্রমিক, ভাড়াটে কৃষক, মৌখিক ভিত্তিতে বর্গাদার এবং অংশীদার-শস্য উৎপাদনকারী

**2. অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগ (এমএসএমই)**

2.1 অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগ মন্ত্রক দ্বারা দ্রষ্টব্য সেপ্টেম্বর 9, 2006 তারিখাঙ্কিত S.O.1642(E)–এর উল্লেখ অনুসারে উৎপাদন/ পরিষেবা উদ্যোগের জন্য কারখানা এবং যন্ত্রপাতি/ যন্ত্রাংশে লগ্নির সীমা নিম্নরূপ:

| **উৎপাদন ক্ষেত্র** | |
|---|---|
| **উদ্যোগ** | **কারখানা এবং যন্ত্রপাতিতে লগ্নি** |
| অতিক্ষুদ্র উদ্যোগ | পঁচিশ লক্ষ টাকার অধিক নয় |
| ক্ষুদ্র উদ্যোগ | পঁচিশ লক্ষ টাকার বেশী কিন্তু পাঁচ কোটি টাকার বেশী নয় |
| **মাঝারি উদ্যোগ** | **পাঁচ কোটি টাকার বেশী কিন্তু দশ কোটি টাকার বেশী নয়** |
| **পরিষেবা ক্ষেত্র** | |
| **উদ্যোগ** | **যন্ত্রাংশে লগ্নি** |
| অতিক্ষুদ্র উদ্যোগ | দশ লক্ষ টাকার বেশী নয় |
| ক্ষুদ্র উদ্যোগ | দশ লক্ষ টাকার অধিক কিন্তু দুই কোটি টাকার বেশী নয়। |
| মাঝারি উদ্যোগ | দুই কোটি টাকার বেশী কিন্তু পাঁচ কোটি টাকার বেশী নয় |

উৎপাদন এবং পরিষেবা উভয় প্রকার ক্ষেত্রের জন্য অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগের প্রতি ব্যাঙ্কঋণ নিম্নলিখিত নিয়মগুলি অনুসারে অগ্রাধিকার ক্ষেত্রের অধীনে শ্রেণীভুক্ত হওয়ার যোগ্য।

**2.2 উৎপাদন কেন্দ্রিক উদ্যোগ**

ইন্ডাস্ট্রিজ (ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট, 1951-এর প্রথম তপশিলে নির্দিষ্ট করা এবং সময়ে সময়ে সরকারের উল্লেখ অনুসারে কোনও শিল্পের জন্য যেসকল অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগগুলি দ্রব্য উৎপাদন বা প্রস্তুতকার্যে রত থাকে। কারখানা এবং যন্ত্রাদি তৈরীতে লগ্নির বিধি অনুসারে উৎপাদন কেন্দ্রিক উদ্যোগ সংজ্ঞায়িত।

**2.3 পরিষেবা কেন্দ্রিক উদ্যোগ**

এমএসএমইডি অ্যাক্ট, 2006 –এর অধীনে যন্ত্রাংশে লগ্নির নিয়মের সংজ্ঞা অনুসারে, অতিক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগ যেগুলি পরিষেবা প্রদান করার বা দেবার কার্যে রত সেগুলির প্রতি যাবতীয় ব্যাঙ্ক ঋণ।

**2.4 খাদি এবং গ্রামীন শিল্প (কেভিআই)**

অগ্রাধিকার ক্ষেত্রের অধীনে, কেভিআই ক্ষেত্রের কেন্দ্রগুলির প্রতি যাবতীয় ঋণ অতিক্ষুদ্র উদ্যোগের জন্য নির্ধারিত 7.5 শতাংশের অংশ-লক্ষ্যের অধীনস্থ শ্রেণীর অন্তর্গত হবার যোগ্য।

**2.5 এমএসএমই-র জন্য অন্যান্য অর্থসংস্থান**

i. কারিগর, গ্রামীন এবং কুটির শিল্পের জন্য উপাদান সরবরাহ এবং উৎপাদিত দ্রব্যের বিপনন বাবদ বিকেন্দ্রীকৃত ক্ষেত্রে সহায়তাকার্যে জড়িত সংস্থাদের প্রতি ঋণ। এক্ষেত্রে “সংস্থা” কথাটির মধ্যে সেইসকল প্রতিষ্ঠানগুলি অন্তর্ভুক্ত নয় যেগুলির প্রতি ইউসিবি সমূহ, আরবিআই নির্দেশিকা/ এইসকল ব্যাঙ্কগুলির কর্মপদ্ধতি নিয়ন্ত্রণকারী আইনকাঠামোর অধীনে, ঋণপ্রদানে অনুমতিপ্রাপ্ত নয়।.
ii. এপ্রিল 8, 2015-এর পরে প্রধান মন্ত্রী জন ধন যোজনা (পিএমজেডিওয়াই)-এর অধীনে ইউসিবি-র দেওয়া ₹ 5,000/- পর্যন্ত ওভারড্রাফট, এক্ষেত্রে শর্ত এই যে ঋণগ্রহীতার ঘর থেকে উপার্জিত আয়রাশি গ্রামীন এলাকার ক্ষেত্রে ₹ 100,000/- এবং অগ্রামীন এলাকার ক্ষেত্রে ₹ 1,60,000/-। অতিক্ষুদ্র উদ্যোগে ঋণপ্রদানে লক্ষ্যমাত্রার সাপেক্ষে এই ওভারড্রাফটগুলি অর্জন হিসাবে গৃহিত হওয়ার যোগ্য হবে।

2.6 এই বিষয়টি নিশ্চিত করতে যাতে এমএসএমই গুলি কেবলমাত্র অগ্রাধিকার ক্ষেত্রের যোগ্য থেকে যাওয়ার স্বীকৃতি ধরে রাখার জন্যই ক্ষুদ্র এবং মাঝারি ক্ষেত্রের মধ্যে না থেকে যায়, এমএসএমই ক্ষেত্রগুলি একটানা তিন বছরের জন্য অগ্রাধিকার ক্ষেত্রে ঋণ পাবার যোগ্য হওয়ার স্বীকৃতি পেতে থাকবে তারপর সেগুলি এমএসএমই ক্ষেত্রের থেকে বৃহত্তর ক্ষেত্রে পরিনত হয়ে সংশ্লিষ্ট অগ্রাধিকার ঋণ ক্ষেত্রের বাইরে বেরিয়ে গেছে- এরূপ বিবেচিত হবে।

**3. রপ্তানি ঋণ**

নিম্নে প্রদত্ত বিশদের নিয়ম অনুসারে প্রদত্ত রপ্তানি ঋণ অগ্রাধিকারের অধীনে শ্রেণীভুক্ত হবে।.

3.1 এপ্রিল 1, 2017 থেকে কার্যকরীরূপে, 100 কোটি পর্যন্ত টার্নওভার সম্পন্ন কেন্দ্রের জন্য ঋণগ্রহীতা প্রতি ₹ 25 কোটি-র অনুমোদিত সীমা-র সাপেক্ষে, এএনবিসি অথবা অফ ব্যালান্স শীট রাশি উন্মোচনের মধ্যে যেটি অধিক, সেটি-র 2 শতাংশ পর্যন্ত আগের বছরের সংশ্লিষ্ট তারিখে বৃদ্ধিরত রপ্তানি ঋণ

3.2 রপ্তানি ঋণের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে শিপমেন্ট-পূর্ববর্তী এবং শিপমেন্ট-পরবর্তী রপ্তানি ঋণ (অফ ব্যালান্স শীট বিষয়াদি ব্যতিরেকে) যেরূপে টাকা/ বিদেশি মুদ্রা রপ্তানি ঋণ এবং রপ্তানিকারীদের প্রতি গ্রাহক পরিষেবা সংক্রান্ত মাস্টার সারকুলারে সংজ্ঞায়িত আছে।

**4. শিক্ষা**

অনুমোদিত রাশি নির্বিশেষে একক ব্যক্তির প্রতি ₹ 10 লক্ষ পর্যন্ত শিক্ষা সংক্রান্ত উদ্দেশ্যে ঋণ, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে বৃত্তিমূলক শিক্ষা, অগ্রাধিকার ক্ষেত্রের জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবে।

**5. আবাস**

i. বাসকেন্দ্রের সার্বিক মূল্য ₹ 35 লক্ষ–এর অনধিক হওয়ার শর্তসাপেক্ষে পরিবার প্রতি একটি বাসকেন্দ্র ক্রয়/ নির্মানের জন্য স্থান নির্বিশেষে একক ব্যক্তিকে ₹ 28 লক্ষ পর্যন্ত প্রদত্ত ঋণ। ব্যাঙ্কের নিজ কর্মচারীকে গৃহঋণ এর বাইরে থাকবে।
ii. ক্ষতিগ্রস্থ বাসকেন্দ্রের মেরামতির জন্য পরিবার প্রতি মেট্রোপলিটান কেন্দ্রে  5 লক্ষ পর্যন্ত এবং অন্যান্য কেন্দ্রে  2 লক্ষ পর্যন্ত ঋণ।
iii. বস্তি পরিস্কার এবং বস্তিবাসীদের পুনর্বাসনের উদ্দেশ্যে কোনও সরকারি সংস্থাকে বাসকেন্দ্র প্রতি  10 লক্ষ –এর উর্দ্ধসীমার সাপেক্ষে ব্যাঙ্কের ঋণ।
iv. অর্থনৈতিকভাবে দুর্বলতর ক্ষেত্রের জন্য এবং নিম্ন আয়ভুক্ত গোষ্ঠীর জন্য নির্দিষ্টভাবে কেবলমাত্র আবাসন প্রকল্পের উদ্দেশ্যে ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত ঋণ। অর্থনৈতিকভাবে দুর্বলতর ক্ষেত্র এবং নিম্ন আয়ভুক্ত গোষ্ঠী চিহ্নিত করার উদ্দেশ্যে স্থান নির্বিশেষে পারিবারিক আয়সীমা নির্ধারিত হয়েছে বার্ষিক  2 লক্ষ।
v. বাসকেন্দ্র প্রতি  10 লক্ষ-এর ঋণ ভগ্নাংশের উর্দ্ধসীমার সাপেক্ষে, বাসকেন্দ্র নির্মান/ পুনঃনির্মানের জন্য অথবা বস্তি পরিষ্কার এবং বস্তিবাসীদের পুনর্বাসনের জন্য পুনঃপূরক আর্থিক সহায়তা প্রদানের (রিফিনান্স) উদ্দেশ্যে এনএইচবি দ্বারা মঞ্জুরীকৃত অসরকারি সংস্থাকে প্রদত্ত সহায়তা।
vi. এপ্রিল 1, 2007 এবং তৎপরবর্তী সময়ে এনএইচবি/ হাডকো কর্তৃক জারিকৃত বন্ডে ইউসিবি দ্বারা বিনিয়োগ অগ্রাধিকার ভিত্তিতে ঋণের অধীনে শ্রেণীভুক্ত হবার যোগ্য হবে না।

**6. সামাজিক পরিকাঠামো**

টায়ার II থেকে টায়ার VI কেন্দ্রে বিদ্যালয়, স্বাস্থ্য কেন্দ্রিক সুবিধা, পানীয় জলের সুবিধা এবং শৌচালয়ের সুবিধা যার মধ্যে অন্তর্ভুক্ত গৃহ শৌচালয় নির্মান/ নবরূপে নির্মান এবং গৃহে ব্যবহার্য জল স্তরের উন্নতি- এই সকল সামাজিক পরিকাঠামো গড়ে তোলা সংক্রান্ত কার্যকলাপের জন্য ঋণগ্রহীতা প্রতি  5 কোটির সীমা পর্যন্ত ব্যাঙ্কঋণ।

**7. পুনর্ব্যবহারযোগ্য শক্তি**

এইসকল উদ্দেশ্য যেমন সৌর নির্ভর শক্তি উৎপাদক, জৈবদ্রব্য নির্ভর শক্তি উৎপাদক, বায়ুকল, অতিক্ষুদ্র জলবিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা এবং অপ্রচলিত শক্তি নির্ভর জনব্যবহার্য সুবিধাদি যেমন রাস্তাঘাটের আলোকীকরণ ব্যবস্থা এবং দূরবর্তী গ্রামে বৈদ্যুতীকরণ-এর জন্য ঋণগ্রহীতাকে  15 কোটির সীমা পর্যন্ত ব্যাঙ্কঋণ। একক ব্যক্তির গৃহের জন্য, ঋণগ্রহীতা প্রতি ঋণের সীমা হবে  10 লক্ষ।

**8. অন্যান্য**

8.1 একক ঋণগ্রহীতার গৃহজ আয় গ্রামীন এলাকায়  100,000/- এর অধিক না হলে, এবং অ-গ্রামীন এলাকায় যদি তা  1,60,000/-এর অধিক না হয় সেই সাপেক্ষে, ব্যাঙ্ক কর্তৃক একক ব্যক্তি এবং তাদের এসএইচজি/ জেএলজি কে প্রত্যক্ষভাবে প্রদত্ত ঋণগ্রহীতা প্রতি অনধিক  50,000/-এর ঋণ।

8.2 দুস্থ ব্যক্তিগণকে [III (1.1) A (v)-এর অধীনে ইতিমধ্যে অন্তর্ভুক্ত কৃষকগণ ব্যতীত] ঋণগ্রহীতা প্রতি অনধিক  100,000/- এর ঋণ যাতে তাঁদের অপ্রতিষ্ঠিত উত্তমর্ণগণের কাছে করা কর্জ প্রাকপরিশোধ করা যায়।

8.3 নির্দিষ্ট লক্ষ্যে ক্রয়ের উদ্দেশ্যে, তপশিলি জাতি/ তপশিলি উপজাতিভুক্ত ব্যক্তিদের জন্য রাষ্ট্র পোষিত সংস্থাদেরকে এবং এইসকল সংস্থার মারফত সুবিধাভোগীদের উপাদান সরবরাহ এবং/ অথবা উৎপাদিত দ্রব্যের বিপননের জন্য, অনুমোদিত ঋণ।

**IV. দুর্বলতর অংশ**

নিম্নলিখিত ঋণগ্রহীতাদের প্রতি অগ্রাধিকার ক্ষেত্রের ঋণ দুর্বল অংশের অধীনে শ্রেণীভুক্ত হিসাবে বিবেচিত হবে :

| নং. | শ্রেণী |
|---|---|
| 1 | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক |
| 2 | কারিগর, গ্রামীন এবং কুটির শিল্পের ক্ষেত্রে যেখানে একক ব্যক্তির জন্য ঋণ অনধিক ₹ 1 লক্ষ |
| 3 | তপশিলি জাতি এবং তপশিলি উপজাতিভুক্ত ব্যক্তিগণ |
| 4 | স্বনির্ভর গোষ্ঠী |
| 5 | অ-প্রাতিষ্ঠানিক ঋণপ্রদানকারীদের কাছে অধমর্ণ দুস্থ কৃষক |
| 6 | কৃষক ব্যতীত অন্যান্য দুস্থ ব্যক্তি, যাঁদেরকে তাঁদের অ-প্রাতিষ্ঠানিক ঋণপ্রদানকারীদের কাছে কর্জ প্রাক-পরিশোধার্থে প্রতি ঋণগ্রহণকারী অনধিক ₹ 1 লক্ষ –এর হিসাবে ঋণ |
| 7 | মহিলা |
| 8 | যে সকল ব্যক্তির বিকলাঙ্গতা আছে |
| 9 | ঋণগ্রহণকারীর বার্ষিক গৃহজ আয় গ্রামীন এলাকায় অনধিক ₹100,000/- এবং অ-গ্রামীন এলাকায় ₹ 1,60,000/- হবার শর্তসাপেক্ষে, প্রধান মন্ত্রী জন ধন যোজনা (পিএমজেডিওয়াই) অ্যাকাউন্টের অধীনে ₹ 5,000/- পর্যন্ত ওভারড্রাফট |
| 10 | সংখ্যালঘু জনগোষ্ঠী সময়ে সময়ে যেমনভাবে ভারত সরকার দ্বারা সূচীত হবেন। |
| উল্লেখ্য : সেইসকল রাজ্য, যেখানে কোন একটি সংখ্যালঘু জনগোষ্ঠী বস্তুতঃ সংখ্যাগুরু জনগোষ্ঠী হিসাবে সূচীত, বিষয় (10) –এর ব্যাপ্তির মধ্যে কেবলমাত্র অন্যান্য সূচীত সংখ্যালঘু গোষ্ঠীগুলিই আসবে। এইসকল রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চলগুলি হল জম্মু ও কাশ্মীর, পাঞ্জাব, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড এবং লক্ষদ্বীপ। | |

**V. অগ্রাধিকার ক্ষেত্রের ঋণের প্রমাণপত্র**

ব্যাঙ্ক কর্তৃক ক্রীত বকেয়া অগ্রাধিকার ক্ষেত্রের ঋণের প্রমাণপত্রগুলি অগ্রাধিকার ক্ষেত্রের স্বপ্রযোজ্য প্রকারের অধীনে শ্রেণীবিভাগের জন্য যোগ্য হবে, এই শর্তসাপেক্ষে যে সম্পদের উৎস হবে ব্যাঙ্ক এবং তা অগ্রাধিকার ক্ষেত্রের অগ্রিম হিসাবে শ্রেণীভুক্ত হবার যোগ্য এবং দ্রষ্টব্য **এপ্রিল** 7, 2016 **তারিখাঙ্কিত সারকুলার** FIDD.CO.Plan.BC.23/04.09.01/2015-16 -এর সাপেক্ষে জারিকৃত অগ্রাধিকার ক্ষেত্রের ঋণ প্রমাণপত্রের উপর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশিকা পূরণ করবে।

**VI. অগ্রাধিকার ক্ষেত্রের ঋণ লক্ষ্যের উপর নজরদারি**

অগ্রাধিকার ক্ষেত্রে অব্যাহতরূপে ঋণ প্রবাহ নিশ্চিত করতে, বর্তমানে বার্ষিক ভিত্তিক মাত্রের পরিবর্তে "ত্রৈমাসিক" ভিত্তিক হিসাবে অগ্রাধিকার ক্ষেত্রের ঋণের ব্যাপারে ইউসিবি-র দ্বারা অনুপালন সংক্রান্ত বিষয়ে আরও ঘন ঘন ভাবে নজরদারি করা হবে। অগ্রাধিকার ক্ষেত্রের অগ্রিম সংক্রান্ত ডেটা ইউসিবি-র দ্বারা ত্রৈমাসিক এবং বার্ষিক সময়ান্তরে পুনঃস্থিরিকৃত রিপোর্ট ফর্মায় **বিবৃতি I** এবং **বিবৃতি II** (ভাগ A থেকে E) মারফত রিজার্ভ ব্যাঙ্কের সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের প্রতি পেশ হতে হবে। উক্ত রিপোর্টগুলি আঞ্চলিক কার্যালয়ে পৌঁছতে হবে সেই সময়

মেয়াদের 15 দিনের মধ্যে যার সঙ্গে সেগুলি সম্পর্কিত।

## VII. অগ্রাধিকার ক্ষেত্রের ঋণের জন্য সাধারণভাবে প্রযোজ্য নির্দেশিকা

অগ্রাধিকার ক্ষেত্রের অধীনে সকল প্রকারের অগ্রিমের জন্য নিম্নলিখিত সাধারণভাবে প্রযোজ্য নির্দেশকাগুলি ব্যাঙ্কসমূহকে অনুপালন করতে হবে। .

### 1. পরিষেবা মূল্য

₹ 25,000 পর্যন্ত অগ্রাধিকার ক্ষেত্রের ঋণের ক্ষেত্রে কোনও ঋণ সম্পর্কিত বা তাৎক্ষণিক ভিত্তিতে স্থিরিকৃত পরিষেবা/ নিরীক্ষণ মাশুল ধার্য করা যাবে না। এসএইচজি/ জেএলজি-র প্রতি অগ্রাধিকার ক্ষেত্রে অন্তর্ভুক্তির যোগ্য ঋণের ক্ষেত্রে এই সীমা সদস্য-প্রতি হিসাবে প্রযোজ্য হবে এবং অখন্ডভাবে গোষ্ঠী হিসাবে নয়।

### 2. গ্রহণ-সংক্রান্ত, অনুমোদন/ খারিজ/ বিতরণ সংক্রান্ত খতিয়ানপঞ্জি

ব্যাঙ্ক কর্তৃক একটি খতিয়ানপঞ্জি/ ইলেক্ট্রনিক খতিয়ান রক্ষণাবেক্ষণ করতে হবে, যেখানে গ্রহণের তারিখ, তৎসম্পর্কিত কারণসহ অনুমোদন/ খারিজ/ বিতরণের তথ্যাদি খতিয়ানভুক্ত করতে হবে। সকল নিরীক্ষণ সংস্থার কাছে উক্ত খতিয়ানপঞ্জি/ ইলেক্ট্রনিক খতিয়ানটিকে লভ্য করতে হবে।.

### 3. ঋণ সংক্রান্ত আবেদনের প্রাপ্তিস্বীকার প্রদান

অগ্রাধিকার ক্ষেত্রের ঋণের অধীনে ইউসিবি গুলিকে গৃহিত ঋণ আবেদনগুলির সাপেক্ষে প্রাপ্তিস্বীকারপত্র দিতে হবে। ব্যাঙ্কসমূহের বোর্ডগুলিকে একটি সময়সীমা নির্ধারণ করতে হবে যার মধ্যে ব্যাঙ্ক তার সিদ্ধান্ত আবেদনকারীকে লিখিতভাবে জানাবে।.

সংলগ্নক -II

## অগ্রাধিকার ক্ষেত্রের লক্ষ্যমাত্রা অর্জন- ঘাটতি/ উদবৃত্তের হিসাব নির্ণয়

**ব্যাখ্যাস্বরূপ উদাহরণ:**

নিম্নোক্ত **টেবিল 1** এবং **2** পুনঃস্থিরিকৃত পিএসএল নির্দেশিকা-র অধীনে সেই পদ্ধতির ব্যাখ্যা করে যা অর্থবর্ষের অন্তে অগ্রাধিকার ক্ষেত্রের ঋণ লক্ষ্যমাত্রা অর্জনের ঘাটতি/ উদবৃত্তের হিসাব-নির্ণয়ের ক্ষেত্রে অনুসৃত হয়।

| **(টেবিল 1)** | | | |
|---|---|---|---|
| | | | **রাশি ₹ হাজারে** |
| **শেষ হওয়া ত্রৈমাসিক** | **পিএসএল লক্ষ্যমাত্রা** | **অগ্রাধিকার ক্ষেত্রের রাশি বকেয়া** | **ঘাটতি / উদবৃত্ত** |
| জুন | 3,29,61,56,032 | 3,16,93,80,800 | -12,67,75,232 |
| সেপ্টেম্বর | 3,08,82,65,369 | 3,11,94,59,969 | 3,11,94,600 |
| ডিসেম্বর | 3,17,69,48,703 | 3,19,29,13,269 | 1,59,64,566 |
| মার্চ | 3,24,56,09,908 | 3,21,34,75,156 | -3,21,34,752 |
| সমষ্টি | 12,80,69,80,012 | 12,69,52,29,194 | -11,17,50,818 |
| গড় | 3,20,17,45,003 | 3,17,38,07,299 | -2,79,37,704 |

| **(টেবিল 2)** | | | |
|---|---|---|---|
| | | | **রাশি ₹ হাজারে** |
| **শেষ হওয়া ত্রৈমাসিক** | **পিএসএল লক্ষ্যমাত্রা** | **অগ্রাধিকার ক্ষেত্রের রাশি বকেয়া** | **ঘাটতি / উদবৃত্ত** |
| জুন | 3,29,61,56,032 | 3,27,96,75,252 | -164,80,780 |
| সেপ্টেম্বর | 3,08,82,65,369 | 3,12,37,80,421 | 3,55,15,052 |
| ডিসেম্বরে | 3,17,69,48,703 | 3,27,22,57,164 | 9,53,08,461 |
| মার্চ | 3,24,56,09,908 | 3,21,31,53,809 | -3,24,56,099 |
| সমষ্টি | 12,80,69,80,012 | 12,88,88,66,646 | 8,18,86,634 |
| গড় | 3,20,17,45,003 | 3,22,22,16,661 | 2,04,71,658 |

**টেবিল - 1**-এ প্রদত্ত উদাহরণে, অর্থবর্ষ শেষে ব্যাঙ্কের গড় ঘাটতি ₹ 2,79,37,704 হাজার। **টেবিল - 2** -তে অর্থবর্ষ শেষে ব্যাঙ্কের গড় উদবৃত্ত ₹ 2,04,71,658 হাজার।

অনুরূপ পদ্ধতি ত্রৈমাসিক এবং বার্ষিক ভিত্তিক অগ্রাধিকার ক্ষেত্রের অংশ-লক্ষ্য অর্জনের হিসাব নির্ণয়ের ক্ষেত্রে অনুসৃত হবে। .

**উল্লেখ্য :** অগ্রাধিকার ক্ষেত্রের লক্ষ্য এবং অংশ লক্ষ্যমাত্রা অর্জন নির্ণয়ের ভিত্তি হবে আগের বছরের সংশ্লিষ্ট তারিখের এএনবিসি এবং অফ ব্যালান্স শীট রাশি উন্মোচনের ঋণ সমতুলের মধ্যে যেটি অধিক সেই রাশিটি।